দর্শনায় তিন প্রতিষ্ঠানকে ৬০ হাজার টাকা জরিমানা

চুয়াডাঙ্গার দর্শনা থানার বেগমপুর বাজারে অভিযান চালিয়ে তিনটি প্রতিষ্ঠানকে মোট ৬০ হাজার টাকা জরিমানা করেছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

বুধবার সকাল ১১টার দিকে চুয়াডাঙ্গা সদর উপজেলার বেগমপুর বাজার এলাকায় এ অভিযান পরিচালনা করা হয়।

অভিযানে শিল্প লবণ ব্যবহার, অপরিচ্ছন্ন পরিবেশে বেকারি পণ্য তৈরি ও সংরক্ষণ এবং অননুমোদিত রং ব্যবহারের দায়ে মেসার্স ঢালী ফুড অ্যান্ড বিস্কুট ফ্যাক্টরিকে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়। প্রতিষ্ঠানটির মালিক ওয়াজেদ আলী স্বপন।

এ ছাড়া বাসি ও পচা খাবার সংরক্ষণ করে খাদ্য তৈরির দায়ে জসিম হোটেলের মালিক জসিম উদ্দীনকে ৫ হাজার টাকা এবং মূল্যতালিকা প্রদর্শন না করা ও মূল্যবিহীন পণ্য বিক্রির দায়ে মেসার্স জিহাদ স্টোরের মালিক মফিউল ইসলামকে ৫ হাজার টাকা জরিমানা করা হয়।

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯-এর সংশ্লিষ্ট ধারায় এসব জরিমানা আদায় করা হয়।

অভিযান চলাকালে বাজারের বিভিন্ন ফলের দোকান, শিশু খাদ্য ও নিত্যপ্রয়োজনীয় পণ্যের দোকান তদারকি করা হয়। এ সময় ব্যবসায়ীদের মূল্যতালিকা হালনাগাদ রাখা, নির্ধারিত ও যৌক্তিক মূল্যে পণ্য বিক্রি এবং মেয়াদোত্তীর্ণ ও মানহীন পণ্য বা ওষুধ বিক্রি না করার নির্দেশনা দেওয়া হয়।

অভিযান পরিচালনা করেন চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো. মামুনুল হাসান। এ সময় ক্যাব প্রতিনিধি মো. রফিকুল ইসলাম ও জেলা আনসার-ভিডিপির সদস্যরা সহযোগিতা করেন।

জনস্বার্থে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে বলে জানিয়েছে ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।